# চতুর্থ অধ্যায়

# রাজস্ব নীতি ও ব্যবস্থাপনা

*বৈশ্বিক অতিমারি কোভিড-১৯ এর দীর্ঘমেয়াদি প্রভাবের কারণে ক্ষতিগ্রস্ত অর্থনীতির পুনর্গঠনকে সামনে নিয়ে রাজস্ব প্রবৃদ্ধির পাশাপাশি অর্থনীতিতে গতি সঞ্চারের লক্ষ্যে সরকার কাজ করছে। চলতি অর্থবছর ২০২৩-২৪ এর সংশোধিত রাজস্ব আদায় লক্ষ্য ৪,৭৮,০০০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে, যা দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদনের (জিডিপি) ৯.৪৭ শতাংশ। এর মধ্যে, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) সূত্রে রাজস্ব আদায় নির্ধারিত হয়েছে ৪,১০,০০০ কোটি টাকা (জিডিপির ৮.১২%), এনবিআর বহির্ভূত কর রাজস্ব আদায় নির্ধারিত হয়েছে ১৯,০০০ কোটি টাকা (জিডিপির ০.৩৮%) এবং কর-বহির্ভূত রাজস্ব নির্ধারিত হয়েছে ৪৯,০০০ কোটি টাকা (জিডিপির ০.৯৭%)। এনবিআর এর তথ্য অনুযায়ী, জুন ২০২৪ পর্যন্ত মোট রাজস্ব আদায় দাঁড়িয়েছে ৩,৮২,৬৭৮.৪১ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার ৯৩.৩৪ শতাংশ । সংশোধিত বাজেট অনুযায়ী, অর্থবছর ২০২৩-২৪ এর মোট ব্যয়ের লক্ষ্য নির্ধারিত হয়েছে ৭,১৪,৪১৮ কোটি টাকা (জিডিপির ১৪.১৫%), যা পূর্ববর্তী অর্থবছর ২০২২-২৩ এর তুলনায় ৮.১৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির (আরএডিপি) আকার নির্ধারিত হয়েছে ২,৪৫,০০০ কোটি টাকা (স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনগুলোর নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পসমূহ বাদ দিয়ে), যা গত অর্থবছরের তুলনায়৭.৬৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। রাজস্ব ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সরকার বাজেট ঘাটতি জিডিপির ৫ শতাংশের মধ্যে সীমাবদ্ধ রাখার ব্যাপারে সতর্ক রয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের বাজেট ঘাটতি দাঁড়াবে জিডিপির ৪.৭ শতাংশ যা পূর্ববর্তী ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থবছরে ছিল যথাক্রমে ৪.৬ এবং ৪.৭ শতাংশ। ২০২৩-২৪ অর্থবছরে প্রাপ্ত বৈদেশিক অনুদান ও ঋণের প্রবাহের পরিমাণ হলো ৯,৮৯১.৯৬ মিলিয়ন মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় ১.২১ শতাংশ কম।*

সরকারের বিনিয়োগ ও ব্যয় পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় রাজস্ব আহরণের লক্ষ্যে রাজস্ব ব্যবস্থাপনাকে শক্তিশালী করার বিভিন্ন সংস্কার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়াও, ২০২৬ সালে বাংলাদেশের স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের দিকে লক্ষ্য রেখে উত্তরণ পরবর্তী সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা ও তার আলোকে প্রস্তুতি গ্রহণের জন্য ইতোমধ্যে ট্যারিফ যৌক্তিকীকরণ এবং সামগ্রিকভাবে রাজস্ব ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এনবিআর বহির্ভূত কর এবং কর-বহির্ভূত রাজস্ব আহরণেও নানাবিধ পদক্ষেপ চলমান রয়েছে।

**রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা**

২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব আহরণের সংশোধিত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ৪,৭৮,০০০ কোটি টাকা, যা জিডিপি'র ৯.৪৭ শতাংশ। এর মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক কর রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা ৪,১০,০০০ কোটি টাকা (জিডিপি'র ৮.১২%), এনবিআর বহির্ভূত কর রাজস্ব ১৯,০০০ কোটি টাকা (জিডিপি'র ০.৩৮%) এবং কর-বহির্ভূত রাজস্ব ৪৯,০০০ কোটি টাকা (জিডিপি'র ০.৯৭%)। ২০১৬-১৭ অর্থবছর হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত রাজস্ব আয়ের সংশোধিত লক্ষ্যমাত্রা সারণি ৪.১ -এ দেখানো হলো

**সারণি ৪.১: রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা**

| | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|
| **কোটি টাকায়** | | | | | | | | |
| মোট রাজস্ব | ২০১২১০ | ২৫৯৪৫৪ | ৩১৬৫৯৯ | ৩৪৮০৬৯ | ৩৫১৫৩২ | ৩৮৯০০০ | ৪৩৩০০০ | ৪৭৮০০০ |
| কর রাজস্ব | ১৭৮০৭৫ | ২৩২২০২ | ২৮৯৫৯৯ | ৩১৩০৬৮ | ৩১৬০০০ | ৩৪৬০০০ | ৩৮৮০০০ | ৪২৯০০০ |
| কর বহির্ভূত রাজস্ব | ২৩১৩৫ | ২৭২৫২ | ২৭০০০ | ৩৫০০২ | ৩৫৫৩২ | ৪৩০০০ | ৪৫০০০ | ৪৯০০০ |
| **জিডিপি'র শতকরা হারে** | | | | | | | | |
| মোট রাজস্ব | ৮.৬৬ | ৯.৮৩ | ১০.৭৩ | ১০.৯৮ | ৯.৯৬ | ৯.৭৮ | ৯.৭৫ | ৯.৪৭ |
| কর রাজস্ব | ৭.৬৬ | ৮.৮০ | ৯.৮১ | ৯.৮৭ | ৮.৯৫ | ৮.৭০ | ৮.৭৪ | ৮.৫০ |
| কর বহির্ভূত রাজস্ব | ১.০০ | ১.০৩ | ০.৯১ | ১.১০ | ১.০১ | ১.০৮ | ১.০১ | ০.৯৭ |

উৎস: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নোট: ১) উপাত্তসমূহ সংশোধিত বাজেট ভিত্তিক, ২) জিডিপির ভিত্তি বছর: ২০১৫-১৬,

## এনবিআর উৎস থেকে রাজস্ব আহরণ

২০২৩-২৪ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর আওতায় ৪,৩০,০০০ কোটি টাকা কর-রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। তবে, সংশোধিত লক্ষ্যমাত্রা কিছুটা কমিয়ে ৪,১০,০০০ কোটি টাকা করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে এনবিআর-এর হিসাব অনুযায়ী রাজস্ব আহরণের পরিমাণ দাঁড়িয়েছে ৩,৮২,৬৭৮.৪১ কোটি টাকা, যা সংশোধিত লক্ষ্যমাত্রার প্রায় ৯৩.৩৪ শতাংশ। মূল্য সংযোজন কর (ভ্যাট), সম্পূরক শুল্ক (এসডি) এবং আয়কর পূর্ববর্তী অর্থবছরের তুলনায়যথাক্রমে ১৬.৯৪ শতাংশ, ২১.০১ শতাংশ এবং ১৫.৩৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে।


সারণি ৪.২ ও লেখচিত্র ৪.১-এ ২০১৬-১৭ অর্থবছর হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত সময়ের খাতভিত্তিক রাজস্ব আহরণ দেখানো হলো।

**সারণি ৪.২ এনবিআর কর্তৃক খাতভিত্তিক রাজস্ব আহরণ পরিস্থিতি** (কোটি টাকায়)

| রাজস্ব আহরণের খাতসমূহ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. আমদানি শুল্ক | ২১০৬৯.১৯ | ২৪৩১৯.৭৮ | ২৪২৬৯.৫২ | ২৩৫৫৯.৫০ | ৩০৪৫৫.৯১ | ৩৫২৭৬.৬৯ | ৩৩৩৯০.৫৯ | ৩৯৯৭৭.৬৩ |
| ২. মূল্য সংযোজন কর (আমদানি পর্যায়ে) | ২৫৫৬১.০৯ | ২৯০৪৯.৭৮ | ৩১৪০০.৮৩ | ৩০০১৬.৬৪ | ৩৮২৭১.৭৮ | ৪৪৩২৮.৮৮ | ৪৯৮৭১.৭৬ | ৪৯৪০৪.১৪ |
| ৩. সম্পূরক শুল্ক (আমদানি পর্যায়ে) | ৭৬২৮.৮৯ | ৭৮৭৩.১১ | ৭৬৬৫.০১ | ৬৯৭৫.১৫ | ৮৪২২.১২ | ৯৮১৭.৯২ | ৯৪৬৭.১৯ | ১১৪৩৭.২৮ |
| ৪. রপ্তানি শুল্ক | ২২.৭০ | ৩৫.৮৮ | ৫৫.২৪ | ১.০৩ | ০.৬০ | ০.৬৭ | ২.৮১ | ০.০৩ |
| **উপ মোট** | **৫৪২৮১.৮৭** | **৬১২৭৮.৫৫** | **৬৩৩৯০.৬০** | **৬০৫৫২.৩২** | **৭৭১৫০.৪১** | **৮৯৪২৪.১৬** | **৯২৭৩২.৩৫** | **১০০৮১৯.০৮** |
| ৫. আবগারি শুল্ক | ১৭৯০.৫১ | ২০৭২.৫৯ | ২৩৭৩.৩৮ | ২২৭৯.৪০ | ২৪১৮.১৮ | ৩১০২.৬৭ | ৮৭৬৩.১৬ | ৪৪৬৬.৪৫ |
| ৬. মূল্য সংযোজন কর (স্থানীয় পর্যায়ে) | ৩৮২৮৭.৭৬ | ৪৬৭১৬.৪৫ | ৫৫৯৭১.১৯ | ৫৬০৮০.৬৯ | ৬৩৭৮৬.৭৭ | ৭২৬০৬.১৬ | ৮২১৬৫.১৩ | ১০৪৯৯৭.৮৩ |
| ৭. সম্পূরক শুল্ক (স্থানীয় পর্যায়ে) | ২৩৪৮১.৭০ | ২৯৯০২.৭৪ | ২৮৮১৪.৫৩ | ২৫৪৭১.১২ | ৩০০৪৭.৭৩ | ৩১২৩৫.২০ | ৩৩১৫৮.২২ | ৪০১৪২.৯৬ |
| ৮. টার্ন ওভার ট্যাক্স | ২.৪৫ | ২.১৯ | ২.৫৩ | ১.১০ | ১.৪৫ | ০.৬৫ | ১৩.২০ | ১২৮.৯৬ |
| ৯. অন্যান্য (স্থানীয় পর্যায়ে) | - | - | ১৮.২০ | ৬৩৪.৬৯ | ১২৫৩.০৯ | ১৪৭৪.১৭ | ১৩২৩.৩ | ১০২১.১১ |
| **উপ মোট** | **৬৩৫৬২.৪২** | **৭৮৬৯৩.৯৭** | **৮৭১৭৯.৮০** | **৮৪৪৬৭.০০** | **৯৭৫০৭.২২** | **১০৮৪১৮.৮৫** | **১২৫৪২৩.০১** | **১৫০৭৫৭.৩১** |
| **মোট পরোক্ষ কর** | **১১৭৮৪৪.২৯** | **১৩৯৯৭২.৫২** | **১৫০৫৭০.০০** | **১৪৫০১৯.৩২** | **১৭৪৬৫৭.৬৩** | **১৯৭৮৪৩.০১** | **২১৮১৫৫.৩৬** | **২৫১৫৭৬.৩৯** |
| ১০. আয়কর | ৫২৭৫৪.৯৩ | ৬১১৪৪.৫০ | ৬৯০৭৪.৫১ | ৭০৫০১.৪৯ | ৮৬৬৯৩.৯৪ | ৯৬০৮৭.৫০ | ১১১৭৯১.৮২ | ১২৮৯৩৪.৬৩ |
| ১১. ভ্রমণ ও অন্যান্য কর/শুল্ক | ১০৫৭.২২ | ১১৯৫.৯২ | ১১২৬.৬৮ | ৯৩০.৯৬ | ৩৩৭.৬৩ | ৮৯৪.৮৩ | ১৫৫৪.৮৭ | ২১৬৭.৩৯ |
| **মোট প্রত্যক্ষ কর** | **৫৩৮১২.১৫** | **৬২৩৪০.৪২** | **৭০২০১.১৯** | **৭১৪৩২.৪৫** | **৮৭০৩১.৫৭** | **৯৬৯৮২.৩৩** | **১১৩৩৪৬.৬৯** | **১৩১১০২.০২** |
| **সর্বমোট** | **১৭১৬৫৬.৪৪** | **২০২৩১২.৯৪** | **২২০৭৭১.৬২** | **২১৬৪৫১.৭৭** | **২৬১৬৮৯.২০** | **২৯৪৮২৫.৩৪** | **৩৩১৫০২.০৫** | **৩৮২৬৭৮.৪১** |
| **এনবিআর রাজস্বে প্রত্যক্ষ কর (%)** | ৩১.৩৫ | ৩০.৮১ | ৩১.৮০ | ৩৩.০০ | ৩৩.২৬ | ৩২.৮৯ | ৩৪.১৯ | ৩৪.২৬ |
| **এনবিআর রাজস্বে পরোক্ষ কর (%)** | ৬৮.৬৫ | ৬৯.১৯ | ৬৮.২০ | ৬৭.০০ | ৬৬.৭৪ | ৬৭.১১ | ৬৫.৮১ | ৬৫.৭৪ |

উৎস: জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।

**লেখচিত্র ৪.১: খাতভিত্তিক এনবিআর রাজস্ব আহরণের তুলনামূলক চিত্র (%)**




*জুন ২০২৪ পর্যন্ত।

### এনবিআর বহির্ভূত কর রাজস্ব আহরণ

জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত করসমূহের মধ্যে রয়েছে মাদক শুল্ক, যানবাহন কর, ভূমি রাজস্ব, স্ট্যাম্প বিক্রয় (নন-জুডিশিয়াল) এবং সারচার্জ। ২০২২-২৩ অর্থবছরে এনবিআর বহির্ভূত কর রাজস্ব আহরণের পরিমাণ দাঁড়ায় ৭,৯৯৪ কোটি টাকা, যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ১৯.২৪ শতাংশ বেশি। ২০২৩-২৪ অর্থবছরে এ খাতে রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ১৯,০০০ কোটি টাকা। ২০২৩-২৪ অর্থবছরে এই উৎস থেকে সংগৃহীত করের পরিমাণ ছিল ৭,৮৬৭ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার ৪১.৪১ শতাংশ অর্জন করেছে।

### কর বহির্ভূত রাজস্ব আহরণ

কর বহির্ভূত রাজস্ব প্রাপ্তির প্রধান খাতসমূহের মধ্যে উল্লেখযোগ্য হলো- লভ্যাংশ ও মুনাফা, সুদ, প্রশাসনিক ফি, সেবা বাবদ প্রাপ্তি, অবাণিজ্যিক বিক্রয় এবং কর ব্যতীত অন্যান্য রাজস্ব ও প্রাপ্তি। গত ২০২২-২৩ অর্থবছরে কর বহির্ভূত রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা ছিল ৪৫,০০০ কোটি টাকা। এ সময়ে রাজস্ব আহরণের পরিমাণ দাঁড়ায় ৩৮,৯৩৩ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার ৮৬.৫২ শতাংশ। ২০২৩-২৪ অর্থবছরে কর-বহির্ভূত রাজস্ব আহরণের পরিমাণ ৩৯,২৬১ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার (৪৯,০০০ কোটি টাকা) ৮০.১২ শতাংশ।

### সরকারি ব্যয় ব্যবস্থাপনা

বিগত ২০১৯-২০ থেকে ২০২২-২৩ অর্থবছরের বাজেটে সরকারের মূল উদ্দেশ্য ছিল রাজস্ব ও আর্থিক প্রণোদনা প্যাকেজ সম্বলিত অর্থনৈতিক পুনরুদ্ধার কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে কোভিড-১৯ অতিমারির প্রভাব হ্রাস করা। সে লক্ষ্যে, স্বাস্থ্য, কৃষি, সমাজকল্যাণ, খাদ্য, দুর্যোগ ব্যবস্থাপনা এবং কর্মসংস্থান সুরক্ষার মতো খাতে উল্লেখযোগ্য পরিমাণে অতিরিক্ত বরাদ্দ দেয়া হয়েছিল। ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে সরকারি ব্যয়ের অগ্রাধিকারের ক্ষেত্র নির্ধারণে অতিমারির প্রভাব পুরোপুরি কাটিয়ে উঠার পাশাপাশি বিশ্ব অর্থনীতিতে চলমান অস্থিরতার প্রভাব কার্যকরভাবে মোকাবেলা এবং উন্নয়ন অগ্রযাত্রাকে অব্যাহত রাখার লক্ষ্যে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের উপর জোর দেয়া হয়েছে। সারণি ৪.৩-এ ২০১৬-১৭ অর্থবছর থেকে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত ব্যয়ের লক্ষ্যমাত্রাগুলি তুলে ধরা হলো।

**সারণি ৪.৩: সরকারি ব্যয়ের লক্ষ্যমাত্রা**

কোটি টাকায়

| খাত | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|
| (ক) পরিচালন ব্যয় | ১৭৫৮৪৯ | ২১০৫৭৮ | ২৬৬৯২৬ | ২৯৫২৮০ | ৩২৩৭২৫ | ৩৬৬৬২৭ | ৪১৪২৮৩ | ৪৫৩২২৮ |
| (খ) উন্নয়ন ব্যয় | ৮৮০৯০ | ১৫৩৬৮৮ | ১৭৩৪৪৯ | ২০২৩৪৯ | ২০৭৯৮৮ | ২২১৯৪৮ | ২৪১৬০৭ | ২৬০০০৭ |
| (গ) অন্যান্য ব্যয় | ৫৫৬০ | ৭২২৯ | ২১৬৬ | ৩৯৪৮ | ৭২৭০ | ৪৯২৫ | ৪৬১৭ | ১১৮৩ |
| মোট ব্যয় (ক+খ+গ) | **২৬৯৪৯৯** | **৩৭১৪৯৫** | **৪৪২৫৪১** | **৫০১৫৭৭** | **৫৩৮৯৮৩** | **৫৯৩৫০০** | **৬৬০৫০৭** | **৭১৪৪১৮** |
| **জিডিপি'র শতকরা হিসেবে (%)** | | | | | | | | |
| (ক) পরিচালন ব্যয় | ৭.৫৭ | ৭.৯৮ | ৯.০৪ | ৯.৩১ | ৯.১৭ | ৯.২৩ | ৯.৩৩ | ৮.৯৮ |
| (খ) উন্নয়ন ব্যয় | ৩.৭৯ | ৫.৮২ | ৫.৮৮ | ৬.৩৮ | ৫.৮৯ | ৫.৫৯ | ৫.৪৪ | ৫.১৫ |
| (গ) অন্যান্য ব্যয় | ০.২৪ | ০.২৭ | ০.০৭ | ০.১২ | ০.২১ | ০.১২ | ০.১০ | ০.০২ |
| মোট ব্যয় (ক+খ+গ) | **১১.৫৯** | **১৪.০৮** | **১৪.৯৯** | **১৫.৮২** | **১৫.২৭** | **১৪.৯৩** | **১৪.৮৭** | **১৪.১৫** |

উৎস: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।


নোট: ১) উপাত্তসমূহ সংশোধিত বাজেটভিত্তিক।
২) উন্নয়ন ব্যয়ের মধ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি, এডিপি বহির্ভূত কাবিখা, এডিপি বহির্ভূত প্রকল্প ও রাজস্ব বাজেটের আওতায় উন্নয়ন কর্মসূচির বরাদ্দ অন্তর্ভুক্ত। অন্যান্য ব্যয়ের মধ্যে নীট খাদ্য হিসাব, ঋণ ও অগ্রিম হিসাব অন্তর্ভুক্ত।
৩) জিডিপির ভিত্তি বছর: ২০১৫-১৬।

## পরিচালন ব্যয়

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে পরিচালন ব্যয় বাবদ ৪,১৪,২৮৩ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়। তন্মধ্যে আবর্তক ব্যয় ৩,৯০,০৮৫ কোটি টাকা (৯৪.১৬%) এবং মূলধন ব্যয় ২৪,১৯৮ কোটি টাকা (৫.৮৪%)। পরিচালন ব্যয়ের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি খাতে বরাদ্দ: বেতন ও ভাতাদি ১৭.৬৬ শতাংশ, পণ্য ও সেবা ৯.৪৩ শতাংশ, সুদ পরিশোধ ২১.৭৩ শতাংশ (এর মধ্যে বৈদেশিক ঋণের সুদ ২.২৫ শতাংশ) এবং ভর্তুকি ও প্রণোদনা এবং চলতি স্থানান্তর ৪৪.৮২ শতাংশ।

২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেটে মোট পরিচালন ব্যয় ৪,৫৩,২২৮ কোটি টাকা, যা পূর্ববর্তী অর্থবছরের সংশোধিত বরাদ্দের তুলনায় ৯.৪০ শতাংশ বেশি। পরিচালন ব্যয়ের উল্লেখযোগ্য কয়েকটি খাতের বরাদ্দ: বেতন ও ভাতাদি ১৭.১৯ শতাংশ, পণ্য ও সেবা ৯.৮৮, সুদ পরিশোধ ২৩.২৩ শতাংশ, যার মধ্যে বৈদেশিক সুদ পরিশোধ ৩.৪৯ শতাংশ এবং ভর্তুকি ও প্রণোদনা এবং চলতি হস্তান্তর ৪৪.৭৬ শতাংশ। লেখচিত্র ৪.২-এ বিগত ৪ বছরের পরিচালন ব্যয়ের তুলনামূলক চিত্র দেখানো হলো।

**লেখচিত্র ৪.২: পরিচালন ব্যয় বরাদ্দের তুলনামূলক চিত্র (কোটি টাকায়)**




নোট: অন্যান্য এর মধ্যে রয়েছে থোক, সম্পদ সংগ্রহ ও পূর্ত কাজ, শেয়ার ও ইক্যুইটিতে বিনিয়োগ এবং বৈদেশিক আর্থিক সম্পদ

## বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)

২০২৩-২৪ অর্থবছরে এডিপি'র আকার ২,৬৩,০০০ কোটি টাকা, এর মধ্যে জিওবি খাতে বরাদ্দ ১,৬৯,০০০ কোটি টাকা (৬৪.২৬%) ও প্রকল্প সাহায্য ৯৪,০০০ কোটি টাকা (৩৫.৭৪%)। ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্প সংখ্যা ১,২৫০টি (বিনিয়োগ প্রকল্প-১১৪৫টি, কারিগরি সহায়তা প্রকল্প-৮৩টি, সমীক্ষা প্রকল্প-২২টি)। ২০২৩-২৪ অর্থবছরের

সংশোধিত এডিপি'র বরাদ্দ ২,৪৫,০০০ কোটি টাকা এর মধ্যে জিওবি খাতে বরাদ্দ ১,৬১,৫০০ কোটি টাকা (বরাদ্দের ৬৫.৯২%) ও প্রকল্প সাহায্য ৮৩,৫০০ কোটি টাকা (৩৪.০৮%)। সারণি-৪.৪-এ ২০১৬-১৭ থেকে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত মূল ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বরাদ্দ ও ব্যয় (স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়ন ব্যতীত) দেখানো হলো:

**সারণি ৪.৪: বার্ষিক উন্নয়ন কর্মসূচির মূল ও সংশোধিত বরাদ্দ ও ব্যয়ের বিবরণ**

(কোটি টাকায়)

| অর্থবছর | প্রকল্প সংখ্যা (মূল এডিপি) | এডিপি বরাদ্দ | | | প্রকল্প সংখ্যা (আরএডিপি) | সংশোধিত এডিপি বরাদ্দ | | | ব্যয় (সংশোধিত এডিপি বরাদ্দের ব্যয় %) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃ সাঃ | মোট (%) | টাকা (%) | প্রঃ সাঃ (%) |
| ২০১৬-১৭ | ১১২৩ | ১১০৭০০ | ৭০৭০০ | ৪০০০০ | ১৪১৫ | ১১০৭০০ | ৭৭৭০০ | ৩৩০০০ | ১০০৮৪০ (৯১.১%) | ৭২৪১০ (৯৩.২%) | ২৮৪৩০ (৮৬.২%) |
| ২০১৭-১৮ | ১১৯২ | ১৫৩৩৩১ | ৯৬৩৩১ | ৫৭০০০ | ১৫১১ | ১৪৮৩৮১ | ৯৬৩৩১ | ৫২০৫০ | ১৪১৪৯২ (৯৫.৪%) | ৮৯১৫৫ (৯২.৬%) | ৫২৩৩৭ (১০০.৬%) |
| ২০১৮-১৯ | ১৪৫১ | ১৭৩০০০ | ১১৩০০০ | ৬০০০০ | ১৭৮৫ | ১৭৬৬২০ | ১২৪৯৬০ | ৫১৬৬০ | ১৫৮২৬৯ (৯৪.৮%) | ১১১১৬৫ (৯৫.৮%) | ৪৭১০৪ (৯২.৪%) |
| ২০১৯-২০ | ১৫৬৪ | ২০২৭২১ | ১৩০৯২১ | ৭১৮০০ | ১৭৪৮ | ১৯৭৮৯৬ | ১৩২০৩১ | ৬৫৮৬৫ | ১৫৫৬৯৮ (৮০.৭%) | ১০৮১৭২ (৮২.৬%) | ৪৭৫২৬ (৭৬.৭%) |
| ২০২০-২১ | ১৫১৭ | ২০৫১৪৫ | ১৩৪৬৪৩ | ৭০৫০২ | ১৭৮৫ | ১৯৭৬৪৩ | ১৩৪৬৪৩ | ৬৩০০০ | ১৬৪৪৮২ (৮৩.২%) | ১১১৯৬৬ (৮৩.২%) | ৫২৫১৬ (৮৩.৪%) |
| ২০২১-২২ | ১৪৪৪ | ২২৫৩২৪ | ১৩৭৩০০ | ৮৮০২৪ | ১৬৬৩ | ২০৭৫৫০ | ১৩৭৩০০ | ৭০২৫০ | ১৯৩৮০৭ (৯২%) | ১২৬৪৬৮ (৯২%) | ৬৭৩৩৯ (৯৩%) |
| ২০২২-২৩ | ১৪৪১ | ২৪৬০৬৬ | ১৫৩০৬৬ | ৯৩০০০ | ১৫২৫ | ২২৭৫৬৭ | ১৫৩০৬৬ | ৭৪৫০০ | ১৯২৯৬৪ (৮৪.৭৯%) | ১২৫৬৮২ (৮২.১১%) | ৬৭২৮২ (৯০.৩১%) |
| ২০২৩-২৪ | ১২৫০ | ২৬৩০০০ | ১৬৯০০০ | ৯৪০০০ | ১৪৯৬ | ২৪৫০০০ | ১৬১৫০০ | ৮৩৫০০ | ১৯৬১১১ (৮০.০৪%) | ১২৪১৩৮ (৭৬.৮৭%) | ৭১৯৭৩ (৮৬.১৯%) |

উৎস: কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন ও আইএমইডি। নোট: সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়ন ব্যতীত।

**বার্ষিক উন্নয়ন কর্মসূচির খাতওয়ারি বরাদ্দ**

বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়ন প্রক্রিয়াকে অটোমেশন করার জন্য ADP/RADP Management System (AMS) শীর্ষক ওয়েববেইজ পদ্ধতি ২০২০-২১ অর্থবছর হতে প্রচলন করা হয়েছে। এই উদ্যোগের অংশ হিসেবে, এডিপি'র ১৭টি সেক্টরের পরিবর্তে ১৫টি সেক্টরে পুনর্বিন্যাস করা হয়েছে। সে অনুযায়ী ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরের এডিপি/আরএডিপি প্রণয়ন করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে সর্বোচ্চ বরাদ্দ দেওয়া হয়েছে পরিবহন খাতে, যা সংশোধিত এডিপির ২৫.৮২ শতাংশ, এর পরেই রয়েছে বিদ্যুৎ ও জ্বালানি খাত (১৫.৪৭%), গৃহায়ন ও কমিউনিটি সুবিধাবলি (১১.৪৩%) এবং শিক্ষা (৭.০৩%)। সারণি ৪.৫-এ ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরের এডিপি'র খাতওয়ারি বিভাজনের চিত্র দেখানো হলো:

**সারণি ৪.৫: বার্ষিক উন্নয়ন কর্মসূচির খাতওয়ারি বিভাজনের তুলনামূলক চিত্র (অর্থবছর: ২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২৪)**

(কোটি টাকা)

| ক্রমিক নং | সেক্টর | অর্থবছর ২০২১-২২ | | অর্থবছর ২০২২-২৩ | | অর্থবছর ২০২৩-২৪ | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | বরাদ্দ | % | বরাদ্দ | % |
| ১ | সাধারণ সরকারি সেবা | ২৩৪৬.৪৯ | ১.১৩ | ২৩৩৪.৪২ | ১.০২ | ২৪৪২.৭৫ | ১.০০ |
| ২ | প্রতিরক্ষা | ৯৯৮.১১ | ০.৪৮ | ১২৮৭.৩৫ | ০.৫৬ | ৯২০.০২ | ০.৩৮ |
| ৩ | জন শৃঙ্খলা ও সুরক্ষা | ৩৪৭৮.০৫ | ১.৬৮ | ২৫১৫.৭৪ | ১.১ | ৩৩৭৬.৯২ | ১.৩৮ |
| ৪ | শিল্প ও অর্থনৈতিক সেবা | ৪৫৩৭.৮৪ | ২.১৯ | ৪৬৮৮.৫১ | ২.০৪ | ৪৬৩০.৪৩ | ১.৮৯ |
| ৫ | কৃষি | ৭২৭৯.৪৮ | ৩.৫১ | ৯৩৯৩.৯৭ | ৪.০৯ | ১০৩১৭.৭৬ | ৪.২১ |

| ক্রমিক নং | সেক্টর | অর্থবছর ২০২১-২২ | | অর্থবছর ২০২২-২৩ | | অর্থবছর ২০২৩-২৪ | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | বরাদ্দ | % | বরাদ্দ | % |
| ৬ | বিদ্যুৎ ও জ্বালানি | ৩৯২১৪.০৯ | ১৮.৮৯ | ৩৮৩১৬.৫৯ | ১৬.৬৯ | ৩৭৮৯৬.৭৩ | ১৫.৪৭ |
| ৭ | পরিবহন ও যোগাযোগ | ৫৫৮২৭.৩৬ | ২৬.৯০ | ৬১৮১০.২১ | ২৬.৯২ | ৬৩২৬৩.৩১ | ২৫.৮২ |
| ৮ | স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন | ১৫৫২০.২৯ | ৭.৪৮ | ২০৩০৭.১৭ | ৮.৮৫ | ১৯৯৬৯.৭১ | ৮.১৫ |
| ৯ | পরিবেশ, জলবায়ু পরিবর্তন এবং পানি সম্পদ | ৯০৮৪.৯৮ | ৪.৩৮ | ১২৫৯৯.৯৬ | ৫.৪৯ | ১৪৩৯১.০০ | ৫.৮৭ |
| ১০ | গৃহায়ন ও কমিউনিটি সুবিধাবলি | ২৩৬৪৮.৫১ | ১১.৩৯ | ২৫৯৩৮.৫৩ | ১১.৩ | ২৮০০২.১৫ | ১১.৪৩ |
| ১১ | স্বাস্থ্য | ১৩৭৯৭.২৬ | ৬.৬৫ | ১২৭৪৫.৩৩ | ৫.৫৫ | ১২০৬৬.৭৬ | ৪.৯৩ |
| ১২ | ধর্ম, সংস্কৃতি ও বিনোদন | ২৬৬০.৩৩ | ১.২৮ | ৪২৭০.৬৬ | ১.৮৬ | ২৬৫৪.০১ | ১.০৮ |
| ১৩ | শিক্ষা | ২০৮২৪.৪৬ | ১০.০৩ | ১৮৪৩১.৩৬ | ৮.০৩ | ১৭২২৯.৯১ | ৭.০৩ |
| ১৪ | বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি | ২৩৩৮.৮৭ | ১.১৩ | ২৩৪৩.৮৫ | ১.০২ | ৩৬৩৭.১২ | ১.৪৮ |
| ১৫. | সামাজিক সুরক্ষা | ১৮০৭.৫২ | ০.৮৭ | ৩৬০৪.৮১ | ১.৫৭ | ২৭৫৪.৪৫ | ১.১২ |
| **মোট সেক্টর বরাদ্দ** | | **২০৩৩৬৩.৬৪** | **৯৭.৯৮** | **২২০৫৫৮.৪৬** | **৯৬.০৮** | **২২৩৫৫৩.০৩** | **৯১.২৫** |
| **উন্নয়ন সহায়তা/ব্লক বরাদ্দ** | | **৪১৮৬.৩৬** | **২.০২** | **৮৯৯৪.৫৮** | **৩.৯২** | **২১৪৪৬.৯৭** | **৮.৭৫** |
| **সর্বমোট: সেক্টর বরাদ্দ + ব্লক বরাদ্দ** | | **২০৭৫৫০.০০** | **১০০.০০** | **২২৯৫৮৩.০৪** | **১০০** | **২৪৫০০০** | **১০০** |

উৎস: কার্যক্রম বিভাগ।

## উন্নয়ন কর্মসূচির অর্থায়ন-এ অভ্যন্তরীণ সম্পদের যোগান

২০১৬-১৭ থেকে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অর্থায়নে অভ্যন্তরীণ সম্পদের যোগানে কিছুটা হ্রাস-বৃদ্ধি পরিলক্ষিত হয়। ২০১৬-১৭ অর্থবছরের এডিপিতে অভ্যন্তরীণ উৎস থেকে সম্পদের যোগান ছিল ৭০.১৯ শতাংশ। পরবর্তী অর্থবছরে এটি হ্রাস পায়, তবে ২০১৮-১৯ অর্থবছরে এটি বৃদ্ধি পেয়ে ৬৯.৪৬ শতাংশে পৌঁছায়। আবার অভ্যন্তরীণ সম্পদের যোগান হ্রাস পেয়ে ২০১৯-২০ অর্থবছরে ৬৭.৮৬ শতাংশ, ২০২০-২১ অর্থবছরে ৫৯.৩৬ শতাংশ, ২০২১-২২ অর্থবছরে ৬৪.৫১ শতাংশ এবং ২০২২-২৩ অর্থবছরে ৬১.৭১ শতাংশ হয়। তবে, ২০২৩-২৪ অর্থবছরে উন্নয়ন সহায়তা/ঋণের বিশেষ সহায়তার কারণে অভ্যন্তরীণ সম্পদের যোগান বৃদ্ধি পেয়ে ৬৩.৬৫ শতাংশে পৌঁছায়। সারণি ৪.৬ তে গত কয়েক বছরের এডিপি অর্থায়নে অভ্যন্তরীণ সম্পদের পরিমাণ তুলে ধরা হলো।

**সারণি ৪.৬: বার্ষিক উন্নয়ন কর্মসূচির অর্থায়নে অভ্যন্তরীণ সম্পদের পরিমাণ**

| অর্থবছর | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|
| এডিপি | ১১০৭০০ | ১৪৮৩৮১ | ১৬৭০০০ | ১৯২৯২১ | ১৯৭৬৪৩ | ২০৭৫৫০ | ২২৭৫৬৬ | ২৪৫০০০ |
| মোট অভ্যন্তরীণ সম্পদ | ৭৭৭০০ | ৯৬৩৩১ | ১১৩৯০০ | ১৩০৯২০ | ১৩৪৬৪৩ | ১৩৩৮৮৬ | ১৪০৪২৫ | ১৫৫৯৩৬ |
| এডিপি'র শতকরা হিসেবে মোট অভ্যন্তরীণ সম্পদ (%) | ৭০.১৯ | ৬৪.৯২ | ৬৯.৪৬ | ৬৭.৮৬ | ৫৯.৩৬ | ৬৪.৫১ | ৬১.৭১ | ৬৩.৬৫ |

উৎস: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। নোট: উপাত্তসমূহ সংশোধিত বাজেটভিত্তিক।

## বাজেট ভারসাম্য ও অর্থায়ন

বাজেট ব্যবস্থাপনা আইন ২০০৯-এ বার্ষিক বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখার জন্য কার্যকর সকল ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে সরকার বাজেট ঘাটতি জিডিপির ৫ শতাংশের মধ্যে সীমাবদ্ধ রাখার ব্যাপারে সতর্ক ও সংযত রয়েছে। সারণি ৪.৭-এ ২০১৬-১৭ অর্থবছর থেকে সংশোধিত বাজেটভিত্তিক ঘাটতি এবং ঘাটতি অর্থায়নের চিত্র তুলে ধরা হলো। সারণি ৪.৮-এ অর্থ বিভাগের আইবাস++, ($iBAS^{++}$) এর তথ্য অনুযায়ী প্রকৃত বাজেট ঘাটতির (অনুদান ব্যতীত) তথ্য দেয়া হয়েছে।

### সারণি ৪.৭: জিডিপির শতকরা হারে বাজেট ভারসাম্য ও অর্থায়ন

(জিডিপির শতাংশ)

| | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|
| সার্বিক বাজেট ভারসাম্য (বৈদেশিক অনুদান ব্যতীত) | -৪.৯৯ | -৪.৯৮ | -৪.৯৫ | -৫.৬০ | -৬.০৯ | -৫.১২ | -৫.১০ | -৪.৭০ |
| সার্বিক বাজেট ভারসাম্য (বৈদেশিক অনুদানসহ) | -৪.৭৬ | -৪.৭৮ | -৪.৮০ | -৫.৪৮ | -৬.২৩ | -৫.০৬ | -৫.০০ | -৪.৬০ |
| নীট অভ্যন্তরীণ অর্থায়ন | ৩.৫৪ | ২.৯৩ | ৩.১০ | ৩.৫৫ | ৩.৮২ | ৩.১২ | ৩.১৬ | ২.৯২ |
| নীট বৈদেশিক অর্থায়ন (অনুদান ব্যতীত) | ১.২২ | ১.৮৫ | ১.৭১ | ১.৯২ | ২.২৭ | ১.৯৮ | ১.৮৯ | ১.৭১ |
| নীট বৈদেশিক অর্থায়ন (অনুদানসহ) | ১.৪৬ | ২.০৫ | ১.৮৬ | ২.০৫ | ২.৪০ | ২.০০ | ১.৯৬ | ১.৭৮ |

**উৎস:** অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নোট: উপাত্তসমূহ সংশোধিত বাজেটভিত্তিক। ২০১৫-১৬ অর্থবছর থেকে ২০২০-২১ পর্যন্ত জিডিপি’র ভিত্তি বছর:২০০৫-০৬ এবং ২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরের জিডিপি’র ভিত্তিবছর ২০১৫-১৬।

### সারণি ৪.৮: প্রকৃত বাজেট ঘাটতি (জিডিপি’র শতকরা হারে)

| অর্থবছর | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪* |
|---|---|---|---|---|---|---|
| বাজেট ঘাটতি (অনুদান ব্যতীত) | ৪.৭ | ৪.৭ | ৪.৩ | ৪.৬ | ৪.৭ | ৪.৭ |

**উৎস:** *iBAS*++ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। * লক্ষ্যমাত্রা

### বাজেট ঘাটতি অর্থায়ন

#### অভ্যন্তরীণ ঋণ

২০২২-২৩ অর্থবছরে অভ্যন্তরীণ উৎস হতে সরকারের গৃহীত ঋণের পরিমাণ (নীট) দাঁড়ায় ১,২৭,৩২২.৪২ কোটি টাকা, যা জিডিপি’র ২.৮ শতাংশ। এ সময়ে ব্যাংক ব্যবস্থা থেকে গৃহীত ঋণের পরিমাণ (নীট) ছিল ১,১৯,৭৯০.৭ কোটি টাকা এবং ব্যাংক-বহির্ভূত উৎস থেকে গৃহীত ঋণের পরিমাণ (সঞ্চয় অধিদপ্তরের স্কীমসহ) ছিল ৭,৫৩১.৭ কোটি টাকা। ২০২৩-২৪ অর্থবছরে অভ্যন্তরীণ উৎস হতে সরকারের গৃহীত ঋণের (নীট) পরিমাণ দাঁড়িয়েছে ৯৪,৭৪১.২ কোটি টাকা। ২০১৬-১৭ অর্থবছর থেকে ২০২৩-২৪ অর্থবছরের অভ্যন্তরীণ বিভিন্ন উৎস থেকে সরকার কর্তৃক গৃহীত ঋণের গতিধারা সারণি ৪.৯ এবং লেখচিত্র ৪.৩ এ দেখানো হলো।


### সারণি-৪.৯: অভ্যন্তরীণ উৎস থেকে গৃহীত সরকারি ঋণের (নীট) গতিধারা

(কোটি টাকায়)

| অর্থবছর | ব্যাংক ব্যবস্থা থেকে গৃহীত সরকারের ঋণ (নীট) | | | ব্যাংক-বহির্ভূত উৎস থেকে গৃহীত সরকারের ঋণ | সরকারের মোট অভ্যন্তরীণ ঋণ | জিডিপি’র শতকরা অংশ |
|---|---|---|---|---|---|---|
| | বাংলাদেশ ব্যাংক | তফসিলি ব্যাংক | মোট ঋণ | | | |
| ২০১৬-১৭ | -৫২০.২ | -১৭৮৮৪.৮ | -১৮৪০৫.০ | ৫৩৬৮৯.২ | ৩৫২৮৪.২ | ১.৫ |
| ২০১৭-১৮ | ৯৬১৯.৩ | -১২৪৮৫.৭ | -২৮৬৬.৪ | ৪৭৪৯০.৭ | ৪৪৬২৪.৩ | ১.৭ |
| ২০১৮-১৯ | ৯২৯৩.০ | ১০৪৯৯.৫ | ১৯৭৯২.৫ | ৫৩৯০০.২ | ৭৩৬৯২.৭ | ২.৫ |
| ২০১৯-২০ | ৬৫৯২.১ | ৬৪১২২.৮ | ৭০৭১৪.৯ | ২২৯০২.২ | ৯৩৬১৭.১ | ৩.০ |
| ২০২০-২১ | -২৭৬৬৯.৭ | ৫৩৯৭৩.৭ | ২৬৩০৪.১ | ৪৪৩৯০.৬ | ৭০৬৯৪.৭ | ২.০ |
| ২০২১-২২ | ৪০২১৭.৩ | ২৮৪৩৫.০ | ৬৮৬৫২.৩ | ২৬৯৩১.০ | ৯৫৫৮৩.২ | ২.৪ |
| ২০২২-২৩ | ১০০৬৩০.৪ | ১৯১৬০.২ | ১১৯৭৯০.৭ | ৭৫৩১.৭ | ১২৭৩২২.৪ | ২.৮ |
| ২০২৩-২৪* | ৩৮০.৭ | ৮২২২৮.৪ | ৮২৬০৯.১ | ১২১৩২.১ | ৯৪৭৪১.২ | ১.৯ |

উৎস: বাংলাদেশ ব্যাংক। * চলতি বাজার মূল্যে জিডিপি (ভিত্তিবছর ২০১৫-১৬)

**লেখচিত্র ৪.৩: অভ্যন্তরীণ উৎস থেকে গৃহীত সরকারি ঋণের (নীট) পরিমাণ**




উৎস: বাংলাদেশ ব্যাংক।

## বৈদেশিক সহায়তা/ঋণ

গত ২০২২-২৩ অর্থবছরে বৈদেশিক সহায়তার পরিমাণ মোট ১০০১২.৮৯ মিলিয়ন মার্কিন ডলার। এ সময়ে দায় পরিশোধ ছিল ২৬৭১.৭৪ মিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে সুদ ও আসল বাবদ বরাদ্দ যথাক্রমে ৯২৭.০৮ মিলিয়ন মার্কিন ডলার এবং ১৭৪৪.৬৬ মিলিয়ন মার্কিন ডলার। ফলে নীট বৈদেশিক সহায়তার প্রবাহ দাঁড়িয়েছে ৭৩৪১.১৫ মিলিয়ন মার্কিন ডলার।

২০২৩-২৪ অর্থবছরে বৈদেশিক সহায়তার পরিমাণ দাঁড়ায় ৯,৮৯১.৯৬ মিলিয়ন মার্কিন ডলার এবং নীট বৈদেশিক প্রবাহ দাঁড়ায় ৬,৫২০.৩৭ মিলিয়ন মার্কিন ডলার। অপরদিকে, জুন ২০২৪ পর্যন্ত মোট দায় পরিশোধ ব্যয় ছিল ৩,৩৭১.৫৯ মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার, যেখানে সুদ পরিশোধ ছিল ১,৩৪৯.৮০ মিলিয়ন মার্কিন ডলার এবং আসল বাবদ পরিশোধের পরিমাণ ছিল ২,০২১.৭৯ মিলিয়ন মার্কিন ডলার।

বাংলাদেশ কর্তৃক বৈদেশিক সহায়তা (ঋণ ও অনুদান) গ্রহণ এবং ঋণের সুদ ও আসল পরিশোধের বিবরণ সারণি ৪.১০-এ সন্নিবেশ করা হলো। লেখচিত্র ৪.৪ তে ২০১৬-১৭ থেকে ২০২৩-২৪ অর্থবছরের মধ্যে বাংলাদেশ কর্তৃক বৈদেশিক সহায়তা (ঋণ ও অনুদান) গ্রহণ প্রদর্শিত হয়েছে।


**সারণি ৪.১০ বৈদেশিক উৎস থেকে সরকারের ঋণ ও অনুদান গ্রহণ এবং আসল ও সুদ পরিশোধ পরিস্থিতি**

(মিলিয়ন মার্কিন ডলার)

| অর্থবছর | ঋণ ও অনুদান গ্রহণ | | | আসল ও সুদ পরিশোধ | | | নীট বৈদেশিক প্রবাহ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | অনুদান | ঋণ | মোট | সুদ | আসল | মোট | আসল পরিশোধ পরবর্তী | আসল ও সুদ পরিশোধ পরবর্তী |
| ২০১৬-১৭ | ৪৫৯ | ৩২১৮ | ৩৬৭৭ | ২২৯ | ৮৯৪ | ১১২৩ | ২৭৮৩ | ২৫৫৪ |
| ২০১৭-১৮ | ৩৮২ | ৫৯৮৭ | ৬৩৬৯ | ২৯৯ | ১১১০ | ১৪০৯ | ৫২৫৯ | ৪৯৬০ |
| ২০১৮-১৯ | ২৭৯ | ৬২৬৩ | ৬৫৪২ | ৩৯১ | ১২০২ | ১৫৯৩ | ৫৩৪০ | ৪৯৪৯ |
| ২০১৯-২০ | ২৯৬ | ৭০৭৪ | ৭৩৮২ | ৪৭৭ | ১২৫৭ | ১৭৩৪ | ৬১২৫ | ৫৬৪৮ |
| ২০২০-২১ | ৫০৯ | ৭৪৪৮ | ৭৯৫৭ | ৪৯৬ | ১৪১৯ | ১৯১৫ | ৬৫৩৮ | ৬০৪২ |
| ২০২১-২২ | ৬৭৪.৭৭ | ১০,২৯৪.৫২ | ১০,৯৬৯.২৯ | ৪৯১.২৫ | ১৫২৬.৭১ | ২০১৭.৯৬ | ৮৬৪৬.৫৩ | ৮১৫৫.২৮ |
| ২০২২-২৩ | ৭১৮.১৮ | ৯২৯৪.৭১ | ১০,০১২.৮৯ | ৯২৭.০৮ | ১৭৪৪.৬৬ | ২৬৭১.৭৪ | ৮২৬৮.২৩ | ৭৩৪১.১৫ |
| ২০২৩-২৪ | ৬২৫.১৫ | ৯২৬৬.৮১ | ৯৮৯১.৯৬ | ১৩৪৯.৮০ | ২০২১.৭৯ | ৩৩৭১.৫৯ | ৭৮৭০.১৭ | ৬৫২০.৩৭ |

উৎস: অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**লেখচিত্র ৪.৪: বৈদেশিক সহায়তার গতিধারা**




উৎস: অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়। * ২০২৩-২০২৪ (প্রত্যাশিত)

## সংযোজনী ৪.১
## এক নজরে বাজেট

(কোটি টাকায়)

| বিবরণ | সংশোধিত বাজেট | বাজেট | হিসাব |
|---|---|---|---|
| | ২০২৩-২৪ | ২০২৩-২৪ | ২০২২-২৩ |
| **রাজস্ব প্রাপ্তি ও বৈদেশিক অনুদান** | | | |
| রাজস্ব প্রাপ্তি | **৪৭৮০০০** | **৫০০০০০** | **৩৬৬৬৫৮** |
| করসমূহ | ৪২৯০০০ | ৪৫০০০০ | ৩২৭৭২৫ |
| জাতীয় রাজস্ব বোর্ড নিয়ন্ত্রণাধীন করসমূহ | ৪১০০০০ | ৪৩০০০০ | ৩১৯৭৩১ |
| জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত করসমূহ | ১৯০০০ | ২০০০০ | ৭৯৯৪ |
| কর ব্যতীত প্রাপ্তি | ৪৯০০০ | ৫০০০০ | ৩৮৯৩৩ |
| বৈদেশিক অনুদান | ৩৫০০ | ৩৯০০ | ২৭৫২ |
| **মোট** | ৪৮১৫০০ | ৫০৩৯০০ | ৩৬৯৪১০ |
| **ব্যয়** | | | |
| পরিচালন ব্যয় | ৪৫৩২২৮ | ৪৭৫২৮১ | ৩৬৯৮৬৪ |
| আবর্তক ব্যয় | ৪৩৪০৫৭ | ৪৩৬২৪৭ | ৩৫৭০৯৮ |
| এর মধ্যে সুদ | | | |
| অভ্যন্তরীণ ঋণের সুদ | ৮৯৫০০ | ৮২০০০ | ৮২৬৭০ |
| বৈদেশিক ঋণের সুদ | ১৫৮০০ | ১২৩৭৬ | ৯৪৩৭ |
| মূলধন ব্যয় | ১৯১৭০ | ৩৯০৩৪ | ১২৭৬৬ |
| খাদ্য হিসাব | -১২৩৪ | ৫০২ | ১০১৩ |
| ঋণ ও অগ্রিম (নীট) | ২৪১৭ | ৮৪২০ | -২১৭৮ |
| **উন্নয়ন ব্যয়** | ২৬০০০৭ | ২৭৭৫৮২ | ২০৫১৫৮ |
| স্কিম | ৪৩৭৮ | ৩৭৬৮ | ৪৫৬৮ |
| এডিপি বহির্ভূত বিশেষ প্রকল্প | ৭৮৫৩ | ৭৯৮৬ | ৫৭৯৫ |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | ২৪৫০০০ | ২৬৩০০০ | ১৯১৯২৭ |
| কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি (এডিপি বহির্ভূত) ও স্থানান্তর | ২৭৭৫ | ২৮২৮ | ২৮৬৮ |
| **মোট-ব্যয়** | **৭১৪৪১৮** | **৭৬১৭৮৫** | **৫৭৩৮৫৭** |
| **সামগ্রিক ঘাটতি (অনুদানসহ)** | -২৩২৯১৮ | -২৫৭৮৮৫ | -২০৪৪৪৭ |
| (জিডিপির শতকরা হার) | -৪.৬ | -৫.২ | -৪.৬ |
| **সামগ্রিক ঘাটতি (অনুদান ব্যতীত)** | -২৩৬৪১৮ | -২৬১৭৮৫ | -২০৭১৯৯ |
| (জিডিপির শতকরা হার) | -৪.৭ | -৫.২ | -৪.৭ |
| **অর্থ সংস্থান** | | | |
| **বৈদেশিক ঋণ-নীট** | ৭৬২৯৩ | ১০২৪৯০ | ৭৯১৫৬ |
| বৈদেশিক ঋণ | ১০২৬৯৩ | ১২৭১৯০ | ৯৬৬৪৭ |
| বৈদেশিক ঋণ পরিশোধ | -২৬৪০০ | -২৪৭০০ | -১৭৪৯১ |
| **অভ্যন্তরীণ ঋণ** | ১৫৬৬২৫ | ১৫৫৩৯৫ | ১২৪৩৬১ |
| ব্যাংকিং ব্যবস্থা হতে অর্থায়ন (নীট) | ১৫৫৯৩৫ | ১৩২৩৯৫ | ১১৮০২৫ |
| দীর্ঘমেয়াদি ঋণ (নীট) | ৯৫৭৪৩ | ৮৬৫৮০ | ৫২৩৩৫ |
| স্বল্পমেয়াদি ঋণ (নীট) | ৬০১৯২ | ৪৫৮১৫ | ৬৫৬৯০ |
| ব্যাংক বহির্ভূত ঋণ (নীট) | ৬৯০ | ২৩০০০ | ৬৩৩৬ |
| জাতীয় সঞ্চয় কার্যক্রম (নীট) | -৭৩১০ | ১৮০০০ | -৩৩৪৭ |
| অন্যান্য (নীট) | ৮০০০ | ৫০০০ | ৯৬৮৪ |
| **মোট অর্থসংস্থান** | ২৩২৯১৮ | ২৫৭৮৮৫ | ২০৩৫১৮ |
| **মেমোরেন্ডাম আইটেম: জিডিপি:** | ৫০৪৮০২৭ | ৫০০৬৭৮২ | ৪৪৩৯২৭৩ |

উৎস: আইবাস ++, অর্থ বিভাগ।